

ফোরক্লোজার মামুল/পরিবর্তনশীল হার-যুক্ত মেয়াদি ঋণের ক্ষেত্রে মেয়াদপূর্ব পরিশোধের জন্য দণ্ড  
আরবিআই/2013-14/582  
ডিবিওডি.নং.ডিআইআর.বিসি.110/13.03.00/2013-14

মে 7, 2014

সমস্ত তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক  
(আরআরবিগুলি ব্যতীত)

প্রিয় মহাশয় / মহাশয়া

**গৃহ ঋণফোরক্লোজার মামুল / মেয়াদপূর্ব পরিশোধের জন্য দণ্ড**

অনুগ্রহ করে 'গৃহ ঋণফোরক্লোজার মামুল / মেয়াদপূর্ব পরিশোধের জন্য দণ্ড' বিষয়ে আমাদের জুন 5, 2012 তারিখের সার্কুলার ডিবিওডি.নং.ডিআইআর.বিসি.107/13.03.00/2011-12 দেখবেন।

2. এপ্রিল 1, 2014 [http://rbi.org.in/scripts/BS\\_PressReleaseDisplay.aspx?prid=30911#PB](http://rbi.org.in/scripts/BS_PressReleaseDisplay.aspx?prid=30911#PB) তারিখে ঘোষিত প্রথম দ্বিমাসিক মুদ্রানীতি বিবরণী 2014-15-এর অংশ 'বি' দেখবেন যেখানে গ্রাহক সুরক্ষার জন্য কিছু ব্যবস্থার প্রস্তাব দেওয়া হয়েছে। গ্রাহকদের স্বার্থে ব্যাঙ্কগুলিকে বলা হয়েছে তারা যেন ঋণগ্রহীতাদের পরিবর্তনশীল সুদের হার যুক্ত মেয়াদি ঋণ মেয়াদপূর্বে পরিশোধ করার অনুমতি দেয়। তদনুসারে, ব্যাঙ্কগুলিকে নির্দেশ দেওয়া হচ্ছে যে অবিলম্বে ব্যক্তিবিশেষ ঋণগ্রহীতাদের মঞ্জুরীকৃত পরিবর্তনশীল সুদের হার-যুক্ত মেয়াদি ঋণের ক্ষেত্রে ফোরক্লোজার মামুল / মেয়াদপূর্ব পরিশোধের জন্য দণ্ড যেন না ধার্য করা হয়।

আপনার বিশ্বস্ত,

(প্রকাশ চন্দ্র সাহু)  
মুখ্য মহাপ্রবন্ধক